# কম্পোজিট গ্র্যান্টের টাকা বরাদ্দ

**গৌরহরি দাস**

**কোচবিহার, ৬ মার্চ :** প্রায় দুই বছর বাদে কোচবিহার জেলা সহ গোটা রাজ্যের শিশুশিক্ষাকেন্দ্র ও প্রাথমিক স্কুলগুলি ফের কম্পোজিট গ্র্যান্টের টাকা পেতে চলেছে। পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশনের তরফে রাজ্য প্রোজেক্ট ডিরেক্টর ইতিমধ্যে জেলাগুলিতে নির্দেশিকা পাঠিয়েছেন। গত ৫ ফেব্রুয়ারি বুধবার কোচবিহারেও এবিষয়ে নির্দেশিকা এসে পৌঁছেছে। নির্দেশিকা অনুযায়ী প্রাথমিকভাবে স্কুলগুলিকে ২০২৪-'২৫ অর্থবর্ষের কম্পোজিট গ্র্যান্টের ৫০ শতাংশ টাকা দেওয়ার কথা জানানো হয়েছে। গোটা রাজ্য বাবদ এই ফান্ডে ১০২ কোটি ৩৩ লক্ষ ৫০ হাজার টাকা দেওয়া হচ্ছে। সমগ্র শিক্ষা মিশনের কোচবিহার ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসার মহাদেব শৈব বলেন, 'প্রাথমিক ও এসএসকে-র জন্য কম্পোজিট গ্র্যান্টে ৫০ শতাংশ টাকা বরাদ্দ হয়েছে। আগামী সাতদিনের মধ্যে স্কুলগুলি এই টাকা পেয়ে যাবে।'

জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ সূত্রে খবর, জেলায় মোট ১৮৫৩টি প্রাথমিক স্কুল আছে। ৬৯৭টি শিশুশিক্ষাকেন্দ্র আছে। স্কুলগুলিতে সুষ্ঠুভাবে পঠনপাঠন চালানোর জন্য সরকারের তরফে প্রতি বছর কম্পোজিট গ্র্যান্ট দেওয়া হয়। এই গ্র্যান্ট সব স্কুল সমান পায় না। স্কুলে পড়ুয়ার সংখ্যার হিসাবে এই টাকা দেওয়া হয়। তা দিয়ে স্কুলগুলি তাঁদের বিদ্যুতের বিল দেওয়া থেকে শুরু করে পরীক্ষার প্রশ্নপত্র ছাপানো, চক-ডাস্টার কেনা, স্কুল পরিষ্কার করা সহ দৈনন্দিন স্কুল চালাতে যে সমস্ত খরচ হয় সেগুলি করে। কিন্তু ২০২৩ সালের জুলাই মাসের পর এই গ্র্যান্ট বাবদ টাকা না পাওয়ায় বিদ্যালয়গুলি খুব সমস্যায় পড়েছিল। গুঞ্জবাড়ি প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষক তথা পশ্চিমবঙ্গ তৃণমূল প্রাথমিক শিক্ষক সমিতির রাজ্য সাধারণ সম্পাদক অপু চক্রবর্তীর কথায়, 'কম্পোজিট গ্র্যান্টের টাকার জন্য স্কুল চালাতে সমস্যা হচ্ছিল। নিজেদের পকেট থেকে টাকা দিয়ে স্কুলের বিদ্যুতের বিল দিতে হচ্ছিল। এই অবস্থায় কম্পোজিট গ্র্যান্ট বরাদ্দ হওয়ায় খুব ভালো হল। স্কুল চালাতে আর কোনও সমস্যা হবে না। মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে এজন্য অসংখ্য ধন্যবাদ জানাই।'

এর মধ্যে কোচবিহারের জন্য ৩.৯৮ কোটি টাকা বরাদ্দ হয়েছে। কোচবিহারের পূর্ব হাঁড়িভাঙ্গা ফোর্থ প্ল্যান প্রাইমারি স্কুলের শিক্ষক তপন ভৌমিক বলেন, 'কম্পোজিট গ্র্যান্টের টাকা না পাওয়ায় স্কুলের ৭-৮ হাজার টাকা বিদ্যুতের বিল আটকে গিয়েছে। অবশেষে টাকা বরাদ্দ হওয়ায় ভালো লাগছে। তবে পুরো টাকাটা দেওয়া হলে আরও ভালো হত।'

# বালির গাড়ি আটক

**চ্যাংরাবান্ধা, ৬ মার্চ :** চ্যাংরাবান্ধা গ্রাম পঞ্চায়েতের ১৫০ পানিশালা এলাকায় বৃহস্পতিবার একটি বালিবোঝাই ট্র্যাক্টর আটক করা নিয়ে চাঞ্চল্য ছড়াল। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এলাকার এক বাসিন্দা আবেদার রহমান বৃহস্পতিবার একটি বালিবোঝাই ট্র্যাক্টর আটক করে মেখলিগঞ্জ থানার পুলিশের হাতে তুলে দেন। আবেদারের বক্তব্য, 'আমার ছেলে ফিরোজ আলম ভিলেজ পুলিশে কাজ করে। বালি পাচারের সঙ্গে জড়িত থাকার মিথ্যা অভিযোগে তাকে ছয় মাসের জন্য সাসপেন্ড করা হয়েছে। কিন্তু সে কোনও বালি পাচারের সঙ্গে যুক্ত নয়। এদিন বাড়ির সামনে দিয়ে অবৈধ বালির গাড়ি যাওয়ার সময় আমি আটকাই।' গাড়িটিকে পুলিশের হাতে তুলে দেন তিনি।

ওই ট্র্যাক্টরের মালিক সাহিরুল ইসলামের কথায়, 'সরকারি আবাসের ঘরের কাজের জন্য বালির প্রয়োজন ছিল। তাই ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের অনুমতির বৈধ রসিদ কেটেই বালি তুলেছি। অবৈধ বালি তোলার অভিযোগ মিথ্যে। কাগজপত্র মেখলিগঞ্জ থানায় জমা করেছি।'

## প্রশাসনের কড়া নজরদারির দাবি

# গাছ চুরিতে ক্ষুব্ধ স্থানীয়রা

**দেবাশিস দত্ত**

**পারডুবি, ৬ মার্চ :** সরকারি জমিতে তৈরি বাঁধের স্পার থেকে অবাধে গাছ কাটার অভিযোগ উঠল। মাথাভাঙ্গা-২ ব্লকের পারডুবি গ্রাম পঞ্চায়েতের বরাইবাড়ি সংলগ্ন ভাঙ্গারপাড় এলাকায়। এর আগেও পারডুবির বেশ কয়েকটি এলাকায় এধরনের একাধিক ঘটনা সামনে এসেছে। স্থানীয় গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ, বন দপ্তর, পূর্ত ও সড়ক দপ্তর এই বিষয়টি তেমন গুরুত্ব দিয়ে দেখেনি বলে অভিযোগ। পারডুবি গ্রাম পঞ্চায়েতের ভারপ্রাপ্ত প্রধান পূর্ণিমা বর্মন বলেন, 'বিষয়টি জানা নেই। খোঁজ নিয়ে খতিয়ে দেখা হবে।'

স্থানীয় সূত্রে খবর, মাথাভাঙ্গা-ফালাকাটা রাজ্য সড়কের ধারে ৮-১০টি গাছ কেটে কেউ বা কারা গায়েব করে দিয়েছে। স্থানীয় শিক্ষক তথা সমাজকর্মী মহেশ রায়ের কথায়, 'শাসকদলের নেতা-কর্মীদের একাংশ ও জনপ্রতিনিধিদের মদতে এসব হচ্ছে। কারা এই কাণ্ডে জড়িত তা পুলিশ প্রশাসন তদন্ত করে বের করুক। তাহলে সত্য উন্মোচিত হবে। সত্যিটা প্রকাশ্যে আসা দরকার। এভাবে নিজেদের স্বার্থসিদ্ধিতে নির্বিচারে গাছ কেটে পরিবেশের ক্ষতি মেনে নেওয়া যায় না। আমরা আগামীতে পারডুবির নাগরিক মঞ্চের তরফে আন্দোলনে নামব।'

এদিন রাজ্য সড়ক দিয়ে বাড়ি ফেরার পথে বেশ কয়েকজনের স্পারের গায়ে বেড়ে ওঠা গাছগুলি কেটে নিয়ে যাওয়ার বিষয়টি নজরে আসে। তাঁরা দেখেন গাছ নেই, শুধু গুঁড়ি পড়ে রয়েছে। এর আগেও বেশ কয়েকবার রাস্তার ধারের বিভিন্ন গাছ রাতের অন্ধকারে চুরি হয়েছে বলে অভিযোগ। ফের এধরনের ঘটনা ঘটায় স্থানীয় বাসিন্দা সহ পরিবেশপ্রেমীরা ক্ষুব্ধ। পূর্ত ও সড়ক দপ্তরের মাথাভাঙ্গার অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার শংকর রায়ের আশ্বাস, 'এবিষয়ে খোঁজ নিয়ে খতিয়ে দেখা হবে।' পুলিশ সূত্রে খবর, এবিষয়ে এখনও পর্যন্ত কোনও লিখিত অভিযোগ জমা পড়েনি। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

তৃণমূলের ব্লক কমিটির সদস্য তথা প্রাক্তন পঞ্চায়েত সমিতির সদস্য নৃপেন্দ্রনাথ বর্মনের বক্তব্য, 'যারা প্রকৃত তৃণমূল নয় তারা দলে এসে প্রভাব খাটিয়ে এসব কাজ করছে ও মদত দিচ্ছে। বিষয়টি নিয়ে দলের জেলা নেতৃত্ব ও প্রশাসনকে ব্যবস্থা গ্রহণের কথা বলা হবে।' বন দপ্তরের কোচবিহারের এডিএফও বিজনকুমার নাথ ও মাথাভাঙ্গার রেঞ্জ অফিসার সুদীপ দাস বিষয়টি জানেন না বলে জানিয়েছেন। খোঁজ নিয়ে দেখা হবে বলে দায় সেরেছেন। গাছ চুরি ও লোপাট কাণ্ডে যারা জড়িত তাদের শনাক্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন পরিবেশপ্রেমী সংগঠন সহ স্থানীয়দের একাংশ। পরিবেশপ্রেমীদের দাবি, প্রশাসনিক নজরদারির ঢিলেমিতে গাছগুলিকে দুষ্কৃতীরা চুরি করছে। তাই গাছের সুরক্ষায় প্রশাসনের কড়া নজরদারি চালানো উচিত।



বরাইবাড়ি সংলগ্ন ভাঙ্গারপাড় এলাকায় গাছের কাটা গুঁড়ি। বৃহস্পতিবার।

> এভাবে নিজেদের স্বার্থসিদ্ধিতে নির্বিচারে গাছ কেটে পরিবেশের ক্ষতি মেনে নেওয়া যায় না। আমরা আগামীতে পারডুবির নাগরিক মঞ্চের তরফে আন্দোলনে নামব।
>
> **মহেশ রায়,** সমাজকর্মী

**যা ঘটেছে**

- বেশ কয়েকজনের স্পারের গায়ে বেড়ে ওঠা গাছগুলি কেটে নিয়ে যাওয়ার বিষয়টি নজরে আসে
- তাঁরা দেখেন গাছ নেই, শুধু গুঁড়ি পড়ে রয়েছে
- এর আগেও বেশ কয়েকবার রাস্তার ধারের বিভিন্ন গাছ রাতের অন্ধকারে চুরি হয়েছে বলে অভিযোগ



নদীর চরে বিশ্রাম পরিযায়ীদের। বৃহস্পতিবার পূর্বখাটেরবাড়িতে মানসাই নদীতে বিশ্বজিৎ সাহার তোলা ছবি।

# দলীয় কর্মসূচি শুরু অর্ঘ্যর

**অমিতকুমার রায়**

**হলদিবাড়ি, ৬ মার্চ :** কয়েক বছর বিরতির পর সম্প্রতি তৃণমূল নেতা অর্ঘ্য রায়প্রধান জেলা নেতৃত্বের সংস্পর্শে আসেন। এবার তিনি নিজের এলাকায় দলীয় কর্মসূচি শুরু করলেন। বৃহস্পতিবার তিনি দক্ষিণ বড় হলদিবাড়ি গ্রাম পঞ্চায়েতের ১৫১ নম্বর বুথে যান। তাঁর সঙ্গে কিষান খেতমজদুরের হলদিবাড়ি ব্লক কমিটির সভাপতি শামসের আলি সরকার, অঞ্চল কমিটির সভাপতি প্রকাশ সেন, বুথ কমিটির সভাপতি নাসিরুল হক ও পঞ্চায়েত সদস্য জাহাঙ্গির আলম প্রমুখ ছিলেন। এদিন তাঁরা প্রায় ১০০টি এপিক নম্বর চেক করেন। প্রাক্তন অঞ্চল কমিটির সভাপতি দুলাল সরকারের দাবি, 'বর্তমান বিধায়ক পরেশচন্দ্র অধিকারীর অনেক বয়স হয়েছে। এছাড়া তাঁর মেয়ে অঙ্কিতা অধিকারীর এসএসসি নিয়োগ দুর্নীতি নিয়ে তিনি অনেকটা কোণঠাসা। ঘটনার পর থেকে রাজ্য নেতৃত্ব তাঁর সঙ্গে দূরত্ব তৈরি করেছিল। এমন পরিস্থিতিতে আসন্ন বিধানসভা ভোটে তাকে পুনরায় দলের টিকিট নাও দেওয়া হতে পারে। সেক্ষেত্রে এলাকার প্রাক্তন বিধায়ক অর্ঘ্য রায়প্রধান অনেকটা সুবিধাজনক জায়গা রয়েছেন।'

বর্তমানে কোচবিহারে ঘাসফুল শিবিরের গোষ্ঠীদ্বন্দ্বে দু'ভাগ হয়ে যাওয়া জেলা তৃণমূলের পুরোনোপন্থীদের শিবিরে যে তিনি নাম লিখিয়েছেন তা আগে খোলসা করেছিলেন। ক'দিন আগে কয়েকশো কর্মী-সমর্থক নিয়ে সম্প্রীতি যাত্রার নামে মিছিল করে হুজুরের মেলায় হাজির হয়ে অর্ঘ্য নিজের অস্তিত্বের জানান দেন। এবার দলীয় কর্মসূচি শুরু করায় আসন্ন বিধানসভা ভোটে অর্ঘ্যের টিকিট পাওয়ার সম্ভাবনা নিয়ে দলের অন্দরে গুঞ্জন শুরু হয়েছে। অর্ঘ্য বলেন, 'আমি দলে সক্রিয় ছিলাম না একথা ঠিক নয়। নির্দেশ অনুযায়ী দলীয় কর্মসূচিতে ছিলাম। বিগত বিধানসভা ভোটে আমাকে মাথাভাঙ্গায় থাকতে বলা হয়েছিল। পঞ্চায়েত ও পুর ভোটের মতো আসন্ন বিধানসভা নির্বাচনেও দলীয় প্রার্থীকে জেতানোর জন্য আমি কাজ করে যাব।'

গত বৃহস্পতিবার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ডাকে শাসকদলের বিশেষ সম্মেলন হয়। সেখানে প্রাক্তন বিধায়ক অর্ঘ্য উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রীর নির্দেশ মতো 'ভূতুড়ে' ভোটারের সন্ধানে তিনি বাড়ি বাড়ি যাচ্ছেন।

এদিকে, বিধানসভা ভোটের আগে অর্ঘ্যর পুনরায় রাজনীতিতে সক্রিয় হওয়ার ঘটনায় জেলা রাজনীতিতে নয়া সমীকরণের গুঞ্জন শুরু হয়েছে। কিষান খেতমজদুরের হলদিবাড়ি ব্লক কমিটির সভাপতি সামসের আলি সরকারের কথায়, 'অর্ঘ্য বিধায়ক থাকাকালীন জয়ী সেতু সহ হলদিবাড়ি ব্লকের ব্যাপক উন্নয়ন ঘটে। কিন্তু বর্তমান বিধায়কের আমলে গত চার বছরে বিধায়ক উন্নয়ন তহবিল বা চ্যাংরাবান্ধা উন্নয়ন পর্ষদের ১০ শতাংশ কাজও হলদিবাড়ি ব্লকে হয়নি। অর্ঘ্য পুনরায় বিধায়ক হলে মহকুমার দুই ব্লকের জন্য সমানভাবে উন্নয়ন করবেন।'



নিজের বাড়িতে মানসী বর্মন। জোঠিয়ারবাড়িতে।

# পা দিয়ে পরীক্ষা দিচ্ছে মানসী

**প্রতাপকুমার ঝা**

**জামালদহ, ৬ মার্চ :** পা দিয়ে লিখে উচ্চমাধ্যমিক পরীক্ষা। এ যেন অসম্ভবকে সম্ভব করে তোলার এক অনন্য প্রয়াস। মনের অদম্য জেদ আর ইচ্ছাশক্তি থাকলে শারীরিক প্রতিবন্ধকতা যে কোনও 'ফ্যাক্টর' নয়, তা মেখলিগঞ্জের এক উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী আরও একবার প্রমাণ করল। মাধ্যমিকে সাফল্যের পর মানসী বর্মন এবার উচ্চমাধ্যমিকেও পা দিয়ে লিখে পরীক্ষা দিচ্ছে। তার বাড়ি মেখলিগঞ্জ ব্লকের রানিরহাট গ্রাম পঞ্চায়েতের প্রত্যন্ত জোঠিয়ারবাড়ি এলাকায়। সে স্থানীয় রানিরহাট শৌলমারি উচ্চবিদ্যালয়ের কলা বিভাগের ছাত্রী।

পরিবার সূত্রে খবর, মানসী জন্মের পর থেকে বিশেষভাবে সক্ষম। হাঁটাচলা ও কথা বলতে পারলেও হাত দিয়ে তেমন কিছু করতে পারে না। জীবনযুদ্ধে সংগ্রাম করতে হবে, থেমে থাকলে চলবে না। এই অদম্য মানসিক জোর নিয়ে মানসী মাধ্যমিকে সাফল্য লাভ করে। এরপর সে উচ্চমাধ্যমিক পরীক্ষার প্রস্তুতি শুরু করে। হাত নয়, পা দিয়ে অক্ষর লেখা শুরু হয়। তারপর সেখান থেকে বাক্য গঠন। ছোটবেলা থেকে অভ্যাস করে পা দিয়ে লেখার কৌশল সে রপ্ত করে ফেলেছে। জীবনের লক্ষ্য কি? এই প্রসঙ্গে মানসীর বক্তব্য, 'পরীক্ষায় ভালো ফলাফল করে ভবিষ্যতে একজন শিক্ষিকা হতে চাই।' পেশায় কৃষক বাবা রতন বর্মন এবং মা স্বপ্না বর্মন সবসময় মানসীকে সাহস জুগিয়ে আসছেন। প্রতিকূলতার মধ্যেও মেয়ের পড়াশোনায় যাতে কোনও বাধা না আসে সেই চেষ্টা তাঁরা চালিয়ে যাচ্ছেন।

এবছর মানসীর উছলপুকুরি কৃষক উদ্যোগ উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে পরীক্ষাকেন্দ্র পড়েছে। আর পাঁচজন পরীক্ষার্থীর মতো সে পরীক্ষা দিতে আসে ও পরীক্ষার হলে পায়ে লিখে পরীক্ষা দেয়। মানসীর বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক স্কেন্দার আলি বলেন, 'মানসী বরাবর মেধাবী ছাত্রী। তবে পা দিয়ে লেখার কারণে ওর লেখার গতি খুব কম। কিন্তু নিজের ইচ্ছেশক্তির জোরে থেমে যায়নি। এভাবে ও পড়াশোনা চালিয়ে যেতে চায়। আমরা বিদ্যালয় থেকে যতটা সম্ভব সহযোগিতা করেছি।'

বিশেষভাবে সক্ষম হয়েও মানসী যেভাবে নিজের অদম্য চেষ্টায় পড়াশোনা চালিয়ে যাচ্ছে তার এই লড়াকু মানসিকতাকে সহপাঠীরাও কুর্নিশ জানিয়েছে।

# মাশরুম, সবজি চাষে নজর কাড়ল পড়ুয়ারা

**মনোজ বর্মন**

**শীতলকুচি, ৬ মার্চ :** পড়াশোনা ও খেলাধুলোর সঙ্গে বিদ্যালয়েই চলছে অত্যাধুনিক কৃষিকাজ। এমনই ছবি দেখা গেল শীতলকুচি ব্লকের নগর লালবাজার জুনিয়ার বেসিক স্কুলে। প্রত্যন্ত গ্রামীণ এলাকার এই স্কুলে আধুনিক পদ্ধতিতে এমন চাষাবাদ রীতিমতো নজর কেড়েছে এলাকাবাসীর।

মাথাভাঙ্গা-সিতাই সড়কে শুকানদিঘির এই স্কুলটিতে বর্তমানে পড়ুয়া রয়েছে ১৫২ জন। আর শিক্ষক আছেন ছ'জন। বৃহস্পতিবার দুপুরে বিদ্যালয়ে যেতেই দেখা গেল সামনের মাঠে একদল পড়ুয়া খেলাধুলোয় ব্যস্ত। বিদ্যালয়ের পিছনে দেখা মিলল একটি সবুজঘেরা ছায়াঘরের। ওই ঘরের পাশে স্কুলের কয়েকজন শিক্ষক ও পড়ুয়া তখন লাগোয়া কপি ও ক্যাপসিকামখেত থেকে আগাছা সাফাইয়ে ব্যস্ত। শীতলকুচি ব্লক কৃষি দপ্তর ও আতমা প্রকল্পের ব্যবস্থাপনায় ব্লকের এই স্কুলে মডেল হিসাবে নানারকমের শাকসবজির চাষাবাদ করা হচ্ছে। স্কুলেরই একটি ঘরে উৎপাদন করা হয়েছে মাশরুমও।

নগর লালবাজার জুনিয়ার বেসিক স্কুলের প্রধান শিক্ষক নিরঞ্জন দেবনাথের কথায়, 'কৃষি দপ্তরের এই উদ্যোগ পড়ুয়াদের অত্যাধুনিক কৃষিতে আগ্রহী করে তুলবে। এর ফলে, পড়ুয়ারা সরাসরি নিজেরা যেমন বাগান তৈরির অভিজ্ঞতা অর্জন করবে তেমনই পড়ুয়ারা মিড-ডে মিলে পুষ্টিকর খাবার পাবে। একইসঙ্গে তারা চাষাবাদ সম্পর্কে হাতেকলমে জ্ঞান অর্জনে সক্ষম হবে।'

এপ্রসঙ্গে শীতলকুচি ব্লকের সহ কৃষি অধিকর্তা প্রদীপ্ত ভৌমিক জানান, ব্লক কৃষি দপ্তর ও আতমা প্রকল্পের উদ্যোগে নগর লালবাজার জুনিয়ার বেসিক স্কুলে একটি উদ্ভাবনী প্রকল্প তৈরি করা হয়েছে। সেখানে ভার্মিকম্পোস্ট ইউনিট, মাশরুম প্রোডাকশন ইউনিট, কিচেন গার্ডেন ইউনিট ও সবুজঘেরা ছায়াঘর তৈরি করা হয়েছে। এ কাজে বিদ্যালয়ের পরিচালন কমিটি, শিক্ষক, পড়ুয়া ও স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা সহযোগিতা করছেন।

# মৃত চালক

**সিতাই, ৬ মার্চ :** সিতাইয়ের গিরিধারী এলাকায় ট্রলি উলটে এক ব্যক্তির মৃত্যু হল। বৃহস্পতিবার সকালে নিজের ট্রলি করে মাটি এনেছিলেন গিরিধারী এলাকার বছর বাসিন্দা সিরাজুল হক (৫০)। ট্রলি থেকে জমিতে মাটি ফেলার সময় সেটি উলটে বিপত্তি ঘটে। স্থানীয় সূত্রে খবর, মাটি জমিতে ফেলার পর নিয়ন্ত্রণ হারিয়ে ট্রলিটি উলটে যায়। সেই মুহূর্তে ট্রলির নীচে চাপা পড়ে যান ট্রলিচালক। স্থানীয়রা বেগতিক বুঝতে পেরে সিরাজুলকে দিনহাটা মহকুমা হাসপাতালে নিয়ে যান। সেখানে সিরাজুলকে মৃত বলে ঘোষণা করা হয়।

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়ী হলেন জলপাইগুড়ি-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, জলপাইগুড়ি - এর একজন বাসিন্দা জ্যোতি সূত্রধার - কে 24.11.2024 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 59H 86133 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "ডিয়ার লটারি কোটিপতি হওয়ার একটি স্বচ্ছ সুযোগ প্রদান করেছে। আমি তাদের এই পরিকল্পনার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করি, যা স্বল্প খরচে কোটিপতি তৈরি করে। ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারির প্রতি আমার আন্তরিক ধন্যবাদ জানাই। আমি সকলকে ডিয়ার লটারি কেনার এবং তাদের ভাগ্য পরীক্ষা করার পরামর্শ দিতে চাই।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয়।

* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।

# ভিডিও ভাইরাল করে বিতর্কে তরুণ

**কোচবিহার, ৬ মার্চ :** কোচবিহারের ঐতিহ্যবাহী রাজবাড়িতে তৈরি করা ছোট্ট একটি ভিডিওকে কেন্দ্র করে ব্যাপক বিতর্ক ছড়িয়েছে কোচবিহারে। ১৭ সেকেন্ডের ওই ভিডিওতে দেখা যাচ্ছে এক তরুণ রাজবাড়ি ও রাজাদের সম্পর্কে ছাপার অযোগ্য কিছু ভাষা ব্যবহার করেছেন।

(যদিও ভিডিওটির সত্যতা যাচাই করেনি উত্তরবঙ্গ সংবাদ) বিষয়টি একেবারেই ভালোভাবে নেয়নি বিভিন্ন রাজনৈতিক দল, সংগঠন থেকে শুরু করে কোচবিহারের সাধারণ মানুষ। ওই তরুণের ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে বিভিন্ন সংগঠন ও দল অবিলম্বে তার গ্রেপ্তারের দাবি জানিয়েছে। এ বিষয়ে কোচবিহার রয়্যাল ফ্যামিলি সাকসেসর্স ওয়েলফেয়ার ট্রাস্টের মুখপাত্র কুমার মৃদুলনারায়ণ বলেন, 'বিষয়টি নিয়ে আমরা শুক্রবার ওই ব্যক্তিকে গ্রেপ্তারের দাবিতে থানায় অভিযোগ দায়ের করব। আমাদের কোচবিহারের রাজপরিবার ও রাজাদের নিয়ে যিনি ছিনিমিনি খেলেছেন তাঁকে যে কোনও মূল্যে গ্রেপ্তার করে কঠোর শাস্তি দিতে হবে।'

বিজেপি নেতা উৎপল দাস ওই তরুণের ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে অবিলম্বে তাঁর গ্রেপ্তারের দাবি জানিয়েছেন। উৎপল বলেন, 'ওই তরুণ আমাদের রাজবাড়ি, রাজা ও আমাদের চরম অপমান করেছেন। আমাদের একটাই দাবি অবিলম্বে ওই ব্যক্তিকে গ্রেপ্তার করে কঠোর থেকে কঠোরতম শাস্তি দিতে হবে।'



## ফের ফাঁকা বাড়িতে চুরি

**নিশিগঞ্জ, ৬ মার্চ :** ফের লোকজন না থাকার সুযোগকে কাজে লাগিয়ে একটি বাড়িতে দিনেরবেলা চুরি হল। বৃহস্পতিবার নিশিগঞ্জ-১ গ্রাম পঞ্চায়েত কার্যালয় ও বাজার সংলগ্ন এলাকায়। সোমবার রাতে নিশিগঞ্জে এক ব্যবসায়ীর বাড়িতে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটে। দুইদিনের ব্যবধানে ফের চুরির ঘটনায় নিশিগঞ্জে আতঙ্কের পরিবেশ তৈরি হয়েছে। নিশিগঞ্জ বাজারের আমতলা সেতু সংলগ্ন রাজ্য সড়কের পাশে চন্দন সাহার বাড়ি। তাঁর স্ত্রী ও পুত্র দু'দিন আগে দিনহাটায় আত্মীয়ের বাড়িতে গিয়েছিলেন। চন্দন বলেন, 'এদিন সকালে বাড়ি তালাবন্ধ করে কাজে যাই। বাড়িতে এসে দেখি ঘরের গ্রিলের ও দরজার তালা ভাঙা। আলমারি ভেঙে তছনছ করে নগদ টাকা ও সোনার গয়না সব নিয়ে গিয়েছে।'

স্থানীয় বাসিন্দা হাসিরানি দে জানান, চুরি হওয়া বাড়িটির সামনে দোকানপাট রয়েছে। তাই জনবহুল এলাকায় চুরি হওয়ায় সবার মধ্যে আতঙ্ক সৃষ্টি হয়েছে। স্থানীয় বাসিন্দা উৎপল দত্ত বলেন, 'পরপর রাতে ও দিনে চুরির ঘটনায় ভয়ে আছি।' খবর পেয়ে নিশিগঞ্জ ফাঁড়ির পুলিশ এদিন চুরির ঘটনার তদন্তে নেমেছে।

## জমজমাট শিবমেলা

**ঘোকসাডাঙ্গা, ৬ মার্চ :** শিবরাত্রি উপলক্ষ্যে ঘোকসাডাঙ্গা শিব মন্দির প্রাঙ্গণে শুরু হয়েছে দশদিনব্যাপী শিবমেলা। এবার এই মেলা ৮৩তম বর্ষে পা দিল। শিব মন্দির প্রাঙ্গণে মেলা উপলক্ষ্যে বিভিন্ন রকমারি দোকান বসেছে। মেলায় দোকান নিয়ে আসা মৃণাল বর্মন, সুদীপ দাস, প্রসেনজিৎ বর্মনরা জানিয়েছেন, মেলায় ভালোই বেচাকেনা হচ্ছে।

## মুশকিল আসান পুজো

**নিশিগঞ্জ, ৬ মার্চ :** বৃহস্পতিবার নিশিগঞ্জ সুভাষ কলোনিতে অনুষ্ঠিত হল মুশকিল আসান পুজো। একসময় গ্রামগঞ্জের জনপ্রিয় এই পুজো এখন হারিয়ে যেতে বসেছে। ফাল্গুন মাসের প্রতি মঙ্গল, বৃহস্পতি ও শনিবার এই পুজোর রেওয়াজ রয়েছে। পুজোর উদ্যোক্তা হাসিরানি দে জানিয়েছেন, এদিন ২০ জন মহিলা একত্রিত হয়ে এই পুজো করেছেন।

## নারী দিবস

**পারডুবি, ৬ মার্চ :** আগামী ৮ মার্চ বিশ্ব নারী দিবস। তার আগে বৃহস্পতিবার মাথাভাঙ্গা-২ ব্লকের মাটিয়ারকুঠিতে ব্লক প্রশাসন ও পঞ্চায়েত সমিতির উদ্যোগে নারী দিবস পালিত হল। উপস্থিত ছিলেন মাথাভাঙ্গা-২ পঞ্চায়েত সমিতির সভাপতি সাবলু বর্মন, যুগ্ম বিডিও মহম্মদ সেলিম জাহাঙ্গির।

### শিক্ষকরা আসেন না সময়মতো, রয়েছে আরও অভিযোগ

# স্কুলে তালা ঝুলিয়ে বিক্ষোভ

**অমৃতা দে ও সঞ্জয় সরকার**



বিদ্যালয়ে প্রতিবাদী স্থানীয় বাসিন্দা ও প্রাক্তন পড়ুয়ারা।

**ক্ষোভের কারণ**

- শিক্ষক-শিক্ষিকারা স্কুলে নিয়মিত আসেন না
- শিক্ষাকর্মীদেরও কাজে গাফিলতি রয়েছে
- ছুটির পরও লাইব্রেরি সহ ক্লাসরুমের দরজা খোলা থাকে
- স্কুল কর্তৃপক্ষকে অভিযোগ জানালেও লাভ হয়নি

**দিনহাটা, ৬ মার্চ :** সপ্তাহখানেক আগেই দিনহাটা-২ ব্লকের কিশামত দশগ্রামের মোক্তারেরবাড়ি উচ্চবিদ্যালয়ের বেহাল অবস্থার কথা উত্তরবঙ্গ সংবাদে প্রকাশিত হয়েছিল। বৃহস্পতিবার সেই স্কুলের বেহাল অবস্থা নিয়ে ক্ষোভ জানালেন অভিভাবকরা। পাশাপাশি ভারপ্রাপ্ত শিক্ষক বঙ্কিমচন্দ্র রায় এবং অন্য শিক্ষক-শিক্ষিকারা সময়মতো স্কুলে আসেন না, এই অভিযোগও উঠেছে এদিন। সব মিলিয়ে ক্ষুব্ধ প্রাক্তন ছাত্রছাত্রী ও গ্রামবাসীরা স্কুলের গেটে তালা ঝুলিয়ে দেন। তাতে পঠনপাঠন ব্যাহত হয়।

তাঁদের অভিযোগ, এদিন সকাল প্রায় ১১টা বেজে গেলেও শিক্ষকদের কেউই স্কুলে আসেননি। এতে ক্ষুব্ধ স্থানীয়দের একাংশ স্কুলের দরজায় তালা লাগিয়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন। যদিও বিক্ষোভকারীদের সঙ্গে স্কুল কর্তৃপক্ষের আলোচনার পর সমস্যা মেটানোর আশ্বাস মেলায় বিক্ষোভ উঠে যায়। গ্রামবাসীদের অভিযোগ, দীর্ঘদিন ধরেই বেহাল অবস্থায় সেই স্কুল চলছে। অথচ নজর নেই শিক্ষা দপ্তরের। এসআই জয়ন্ত অধিকারী ফোনে জানান, তিনি ছুটিতে রয়েছেন। এদিনের ঘটনা নিয়ে স্কুল কর্তৃপক্ষ তাঁকে কিছু জানায়নি।

স্থানীয় বাসিন্দা লিটন বর্মনের অভিযোগ, 'শুধু একদিন বা দু'দিন নয়। দীর্ঘদিন ধরেই শিক্ষক-শিক্ষিকারা সময়ের তোয়াক্কা না করে স্কুলে আসেন। এতে পড়াশোনা ব্যাহত হয়।' বিক্ষোভের সুরে অণু বর্মন, বাবলা সরকারদের সংযোজন, শুধু শিক্ষক-শিক্ষিকা নন, স্কুলে কর্তব্যরত শিক্ষাকর্মীরাও প্রায়শই কর্তব্যে গাফিলতি করছেন। প্রায়শই শ্রেণিকক্ষ, লাইব্রেরি খোলা রেখেই চলে যাচ্ছেন। যে কোনও সময় অপ্রীতিকর ঘটনা ঘটে যেতে পারে।

প্রান্তিক দিনহাটা-২ ব্লকের শিক্ষা প্রসারে খুবই গুরুত্বপূর্ণ মোক্তারেরবাড়ি উচ্চবিদ্যালয়। স্থানীয় কিশামত দশগ্রাম গ্রাম পঞ্চায়েতের বিস্তীর্ণ অংশের পড়ুয়া তো বটেই, সংলগ্ন বড়শাকদল, বামনহাটের বহু পড়ুয়াও এই বিদ্যালয়ের উপর নির্ভর করে। কিন্তু সম্প্রতি ওই স্কুলের ওপর ভরসা হারাতে শুরু করেছেন অনেকেই। অভিযোগ, এর নেপথ্যে রয়েছে স্কুলের পরিকাঠামোগত সমস্যা ও কর্তৃপক্ষের গাফিলতিও। তাই ক্ষুব্ধ স্থানীয়রা এদিন প্রতিবাদে শামিল হন। স্থানীয় বাসিন্দা তথা বিদ্যালয়ের প্রাক্তন পড়ুয়া বিশ্বজিৎ বর্মনের কথায়, 'স্কুলের ক্লাসরুম, পানীয় জল, সীমানা প্রাচীরের মতো স্থায়ী সমস্যাগুলো তো রয়েছেই। তার মধ্যেই শিক্ষক-শিক্ষিকাদের উপস্থিতি এবং পঠনপাঠন নিয়ে এলাকায় প্রশ্ন উঠতে শুরু করেছে। পরিস্থিতি এত খারাপ যে অভিভাবকরা বাধ্য হয়ে বাড়ির পাশের স্কুল ছেড়ে বামনহাট, চৌধুরীহাট, নিগমনগরে তাঁদের সন্তানদের পাঠাতে শুরু করেছেন। এই পরিস্থিতিতে নিজের প্রাক্তন স্কুল ও এলাকার স্বার্থেই আমরা এদিন সমবেত হয়ে প্রতিবাদ জানাতে বাধ্য হয়েছি।'

তবে ভারপ্রাপ্ত শিক্ষক বঙ্কিমচন্দ্র রায়ের বক্তব্য, 'অনেক শিক্ষক দূরদূরান্ত থেকে আসেন, কখনও দেরি হয়ে যায়। বর্তমানে কয়েকজন শিক্ষক উচ্চমাধ্যমিক পরীক্ষার ডিউটিতে রয়েছেন। তাই এখন পঠনপাঠনে সামান্য সমস্যা হলেও বছরের অন্য সময়ে সেসব হয় না।' সেইসঙ্গে শিক্ষাকর্মীদের তাঁদের দায়িত্ব সম্পর্কে আরও সচেতন হওয়ার নির্দেশ দেওয়া হবে বলে আশ্বাস দিয়েছেন তিনি।

তবে টিআইসি'র কথা উড়িয়ে দিয়ে গ্রামবাসীদের অভিযোগ, একদিন নয় দু'দিন নয়, বহু বছর ধরেই বেহাল দশা এই স্কুলের। বহুবার স্কুল কর্তৃপক্ষকে অভিযোগ জানানো হয়েছে। কিন্তু তারা এবিষয়ে কর্ণপাত করেনি।

## ছোট্ট তারা



কোয়েল পাল অন্দরান ফুলবাড়ি জুনিয়ার বেসিক স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্রী। পড়াশোনার পাশাপাশি কুইজে পারদর্শী।

## প্রস্তুতি সভা

**ভোটবাড়ি, ৬ মার্চ :** আগামী ১১ মার্চ জেলা তৃণমূলের কিষান ও খেতমজুর সংগঠনের জেলা সম্মেলন হবে। সেই উপলক্ষ্যে বৃহস্পতিবার মেখলিগঞ্জের ভোটবাড়িতে প্রস্তুতি সভা হল। উপস্থিত ছিলেন সংগঠনের কোচবিহার জেলা সভাপতি খোকন মিয়াঁ, তৃণমূলের জেলা সহ সভাপতি লক্ষ্মীকান্ত সরকার সহ অন্যরা।

## কর্মশালা

**পারডুবি, ৬ মার্চ :** শিক্ষা দপ্তরের উদ্যোগে মাথাভাঙ্গা-২'এর বিডিওর কার্যালয়ে বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের কর্মশালা হল বৃহস্পতিবার। উপস্থিত ছিলেন মাথাভাঙ্গা-২ সার্কেলের অবর বিদ্যালয় পরিদর্শক মেহেবুব ইসলাম সহ শিক্ষা দপ্তরের অন্য আধিকারিকরা।

## ছানা বিলি

**নিশিগঞ্জ, ৬ মার্চ :** বৃহস্পতিবার নিশিগঞ্জ-২ গ্রাম পঞ্চায়েত এলাকার মাথাভাঙ্গা-২ পঞ্চায়েত সমিতির উদ্যোগে মুরগির ছানা বিলি কর্মসূচির আয়োজন করা হয়। সেখানে প্রায় ২৫০ জন উপভোক্তার হাতে দশটি করে মুরগির ছানা তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন মাথাভাঙ্গা-২ পঞ্চায়েত সমিতির সভাপতি সাবলু বর্মন।

## সচেতনতা

**দিনহাটা, ৬ মার্চ :** শৌচালয়ের যথাযথ ব্যবহার, বর্জ্য ব্যবস্থাপনা, পরিচ্ছন্নতা বৃদ্ধি সহ একাধিক বিষয়ে মহিলাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উদ্যোগ নিল দিনহাটা-২ ব্লক প্রশাসন। এই লক্ষ্যে বৃহস্পতিবার সংশ্লিষ্ট ব্লকের সাহেবগঞ্জে সচেতনতা শিবির আয়োজন করা হয়। প্রশাসনের আধিকারিকদের পাশাপাশি ব্লকের বিভিন্ন প্রান্তের স্বনির্ভর গোষ্ঠীর প্রতিনিধিরা এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন।

## আলোচনাচক্র

**ঘোকসাডাঙ্গা, ৬ মার্চ :** বুধবার ঘোকসাডাঙ্গা বীরেন্দ্র মহাবিদ্যালয়ের শিক্ষাবিজ্ঞান বিভাগের উদ্যোগে শিক্ষা বিষয়ক এক আলোচনাচক্রের আয়োজন করা হয়। সেখানে উপস্থিত ছিলেন পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের এডুকেশন ডিপার্টমেন্টের বিভাগীয় প্রধান ডঃ সঞ্জীবকুমার রায়, অসমের গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ের সপ্তগ্রাম কলেজের এডুকেশন ডিপার্টমেন্টের বিভাগীয় প্রধান ডঃ মুনমুন বন্দ্যোপাধ্যায়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক রূপনার দত্ত। এদিন সেখানে আগত বক্তারা নিজেদের আলোচনায় শিক্ষা সংক্রান্ত নানান বিষয়, বর্তমান সামাজিক পরিস্থিতিতে শিক্ষা কতটা গুরুত্বপূর্ণ সহ নানা বিষয় তুলে ধরেন। মহাবিদ্যালয়ের অধ্যক্ষ গোবিন্দ রাজবংশীর কথায়, 'এদিন মহাবিদ্যালয়ের হলে এক শিক্ষা বিষয়ক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আগামী ৭ এবং ২১ মার্চ আরও দুটি আলোচনাচক্র অনুষ্ঠিত হবে।' কলেজ পড়ুয়া সাগরিকা বর্মন, পূজা বর্মন, সুজন মহন্ত, কার্তিক বর্মনরা এদিনের আলোচনাচক্রে যোগদান করতে পেরে খুবই খুশি।



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

রংবাহারি।। রাজগঞ্জের পানিকৌড়িতে ছবিটি তুলেছেন বর্ষা রায়।

## ওপরমহলে জানানো আছে

কোচবিহার-১ ব্লকের সংখ্যালঘু অধ্যুষিত হাঁড়িভাঙ্গা গ্রাম পঞ্চায়েত বরাবর রাজ্যের শাসকদলের সঙ্গে থেকেছে। কিন্তু আজও এখানে বহু উন্নয়ন অধরা। যার দরুন স্থানীয় বাসিন্দারা বিভিন্ন সমস্যার সম্মুখীন। কী জবাব দিচ্ছেন প্রধান দীপঙ্কর বর্মন? মুখোমুখি তুষার দেব।

**হাঁড়িভাঙ্গা গ্রাম পঞ্চায়েত**



রাসমোহনের ঘাটে এই সেতু সংস্কারের দাবি উঠেছে।

**জনতার চার্জশিট**

**জনতা : এলাকার সর্বত্র পরিস্রুত পানীয় জল পাওয়া যায় না। কী বলবেন?**

প্রধান : বর্তমানে গ্রাম পঞ্চায়েতের প্রায় ৮০ শতাংশ এলাকায় পানীয় জল পৌঁছাচ্ছে। বাকি জায়গার জন্য প্রেশার পাম্প তৈরির কাজ চলছে। শেষ হলেই সমস্যা মিটবে।

**জনতা : রোহিণীর ঘাটে ধরলা নদীর উপর ও নাককাটি ছড়ায় জয়েস্ট সেতুর দাবি দীর্ঘদিনের। এখনও হয়নি কেন?**

প্রধান : রোহিণীর ঘাটে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের উদ্যোগে সেতু তৈরির অনুমোদন মিলেছে, শীঘ্রই কাজ শুরু হবে। নাককাটি ছড়ায় সেতু তৈরির বিষয়ে প্রশাসনিক মহলে দরবার করছি।

**জনতা : রাসমোহনের ঘাটে ঝলঝলি নদীর উপর থাকা জয়েস্ট সেতু ভেঙে পড়ার উপক্রম। কোনও উদ্যোগ নিয়েছেন?**

প্রধান : কিছুদিন আগে আমরা ওই সেতু সামান্য সংস্কার করেছি। কিন্তু সার্বিক সংস্কার আমাদের সাধ্যের বাইরে। এবিষয়ে ওপর মহলে আবেদন করা হয়েছে।

**জনতা : রাজ আমলের সাহেবেরহাট বাজার সংস্কারের অভাবে কার্যত ধুঁকছে। নাককাটি বাজারেও উন্নয়ন প্রয়োজন। কী বলবেন?**

প্রধান : সাহেবেরহাট বাজারের বিষয়টি আমরা ব্লক ও জেলা প্রশাসনের নজরে এনেছি। তবে নাককাটি বাজার ব্যক্তিমালিকানাধীন হওয়ায় আমরা কিছু করতে পারছি না।

**জনতা : হাঁড়িভাঙ্গায় বেশকিছু রাস্তা চলাচলের অযোগ্য। কবে সংস্কার হবে?**

প্রধান : পথশ্রী প্রকল্পে ইতিমধ্যে কয়েকটি রাস্তার কাজ হয়েছে। বাকি রাস্তাগুলিও আমাদের পরিকল্পনায় রয়েছে।

**জনতা : গ্রাম পঞ্চায়েতের সিংহভাগ এলাকা সূর্যাস্তের পরই আঁধারে ডুবে যায়। এতদিনেও পথবাতির ব্যবস্থা হল না কেন?**

প্রধান : ইতিমধ্যে কয়েকটি হাইমাস্ট বসানো হয়েছে। ভেতরের রাস্তাগুলির পথবাতির বিষয়টি আমাদের পরিকল্পনায় রয়েছে।

**জনতা : এখানে আজও কোনও কমিউনিটি হল তৈরি হয়নি কেন?**

প্রধান : কমিউনিটি হলের বিষয়ে আমরাও প্রশাসনিক মহলে কথা বলেছি। আশা করছি অর্থবরাদ্দ মিলবে।

**জনতা : গৌরাঙ্গবাজার স্বাস্থ্যকেন্দ্রের নিজস্ব ভবন আজও তৈরি হয়নি। কবে সমস্যা মিটবে?**

প্রধান : আমরা স্বাস্থ্যকেন্দ্রের জন্য জমি চিহ্নিত করে রেখেছি। ভবন তৈরিতে অর্থবরাদ্দ প্রয়োজন।

**জনতা : উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাংকের সাহেবেরহাট শাখা চলছে একটি বেহাল ভবনে। যা নিয়ে এলাকাবাসী রীতিমতো শঙ্কিত। কী বলবেন?**



দীপঙ্কর বর্মন
প্রধান, হাঁড়িভাঙ্গা গ্রাম পঞ্চায়েত

**একনজরে**

ব্লক : কোচবিহার-১
আয়তন : ১৩০৮২.৯১ একর
জনসংখ্যা : ৩১,৪২৯
(২০১১ জনগণনা অনুযায়ী)
মোট পঞ্চায়েত সদস্য : ২৪

প্রধান : বিষয়টি নিয়ে আমরা ব্যাংক কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেছি।

**জনতা : হাঁড়িভাঙ্গা গ্রাম পঞ্চায়েতে মাঝেমধ্যেই বাল্যবিবাহের খবর মেলে। এবিষয়ে গণসচেতনতা তৈরি হচ্ছে না কেন?**

প্রধান : আমরা স্থানীয় অঙ্গনওয়াড়ি কেন্দ্র, হাইস্কুলগুলিতে লাগাতার এ বিষয়ে প্রচার করে থাকি। এলাকাবাসীকেও বাল্যবিবাহের কুফল সম্পর্কে অবহিত করা হয়। তারপরও তাঁদের একাংশ প্রশাসনকে অন্ধকারে রেখে বাল্যবিবাহ দিতে চান। এগুলো বন্ধ করতে আমরা আরও তৎপর হব।

**জনতা : কয়েকটি বাজারে অবৈধভাবে মদ বিক্রি হচ্ছে। অনেক রাস্তায় রাতের অন্ধকারে মদ্যপানের প্রবণতা বেড়েছে। কী ব্যবস্থা নিয়েছেন?**

প্রধান : আমরা আগে বিষয়টিতে প্রচার চালিয়েছিলাম। পুলিশের সঙ্গে কথা বলব।



মেখলিগঞ্জ মাছ বাজারের পেছনের শেডে এভাবেই ব্যবসা করেন অনেকে।

## বাজারে পাকা ভিত চান মাছ ব্যবসায়ীরা

**শুভ্রজিৎ বিশ্বাস**

**মেখলিগঞ্জ, ৬ মার্চ :** মেখলিগঞ্জ মাছ বাজারে পেছনের শেডটিতে বসার জন্য পাকা ভিত চান মাছ ব্যবসায়ীদের একাংশ। তাঁদের ওই দাবিকে সমর্থন জানিয়েছেন আট নম্বর ওয়ার্ডের কাউন্সিলার দুলাল দাস। এক মাছ ব্যবসায়ী সুনীল দাসের বক্তব্য, 'নীচে বসে দোকান করি। একটু ভিড় হলে মানুষের চলাচলের সমস্যা হয়। তাই মাছ বাজারের শেডের মতো বসার উঁচু জায়গা করে দিলে সুবিধা হবে।'

কোচবিহার জেলার মহকুমা শহর মেখলিগঞ্জে নয়টি ওয়ার্ড রয়েছে। শহরে একটিমাত্র বাজার রয়েছে। যার ওপর নির্ভর করেন শহরের কয়েক হাজার বাসিন্দার পাশাপাশি শহর সংলগ্ন গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দারাও। একটা সময় মেখলিগঞ্জে মাছ ব্যবসায়ীদের সংখ্যা ছিল হাতেগোনা। কিন্তু সময় ও জনসংখ্যা বাড়ার পাশাপাশি পাল্লা দিয়ে বেড়েছে মাছ ব্যবসায়ীদের সংখ্যাও। মাছ বাজারের পেছনে শেডের নীচে পিঁড়ি পেতে ব্যবসা করেন মাছ ব্যবসায়ীরা।

ওই বাজারে মূলত লোকাল মাছ পাওয়া যায়। কিছু ব্যবসায়ী চালানি মাছও বিক্রি করে থাকেন। আবার অনেক সময় জেলেরা মাছ ধরে সরাসরি সেখানে নিয়ে এসে বিক্রি করেন। কিন্তু বসার জন্য পাকা ভিত না থাকায় সমস্যা হয় তাঁদের। বিশেষ করে বর্ষাকালে সমস্যা আরও বাড়ে। তাই তাঁদেরও যাতে মাছ বাজারের শেডের মতো বসার জন্য উঁচু করে পাকা ভিত তৈরি করে দেওয়া হয় সেই দাবি তুলেছেন তাঁরা।

কিছু মাছ ব্যবসায়ীর কথায়, 'অনেক সময় সব মাছ বিক্রি হয় না। তখন তা বরফ দিয়ে রাখতে হয়। কিন্তু সেখানে তা রাখার জায়গা না থাকায় অন্যের দোকানে মাছ রাখতে হয়। নয়তো সেখানেই কোনও রকমে মাছ রেখে যেতে হয়। ফলে সমস্যা হচ্ছে।' তাই এই সমস্যাগুলোর স্থায়ী সমাধানের জন্য দাবি তুলেছেন তাঁরা। মেখলিগঞ্জ বাজারের মাছ ব্যবসায়ী রবিন দাস বলেন, 'মাছ বাজারের শেডের মতো আমাদেরও বসার স্থায়ী জায়গা করে দেওয়া হোক। আমাদের নীচে বসে দোকান করতে হয়। ফলে বিভিন্ন ধরনের সমস্যার সম্মুখীন হতে হয়। পাশাপাশি মাছ রাখার কোনও জায়গা না থাকায় চিন্তা হয়।' চেয়ারম্যান প্রভাত পাটনি বলেন, 'এব্যাপারে আমরা পদক্ষেপ করেছি। এস্টিমেট তৈরি করে তা মঞ্জুর করানো হয়েছে। এরপর টেন্ডার প্রক্রিয়া হলেই দ্রুত কাজ শুরু করা যাবে।'

### সমস্যায় মাথাভাঙ্গা-১ ব্লকের যুগিরভিটা গ্রাম

# বালি-পাথরে ছেঁকে জল পান

**রাজেশ দাস**

**গোপালপুর, ৬ মার্চ :** বহুবার বলেও সমস্যা মেটেনি। সমস্যা মেটাতে অগত্যা প্রাচীন পদ্ধতিই ভরসা।

নলকূপের জল আয়রনমুক্ত করতে এক অভিনব পন্থা দেখা গেল যুগিরভিটা গ্রামে। মাথাভাঙ্গা-১ ব্লকের কেদারহাট গ্রাম পঞ্চায়েতের অধীনে এই যুগিরভিটা গ্রাম। গ্রামের নলকূপের জলে অতিরিক্ত আয়রন থাকায় সেই জল পানের অযোগ্য। অথচ সেই জলই সাধারণ মানুষকে খেতে হয়। গ্রামে গিয়ে দেখা গেল একটি ছিদ্রযুক্ত পাত্রে বালি, পাথর রাখা হচ্ছে। সেই পাত্রে নলকূপের জল ঢালা হয়। এই পাত্রের নীচে রাখা আরেকটি পাত্রে জল চুইয়ে পড়ে। এইভাবেই দিনের পর দিন জল ফিল্টার করে খাচ্ছে গ্রামের প্রায় শতাধিক পরিবার। যদিও প্রশাসনের কাছে দ্রুত পানীয় জলের সমস্যা সমাধানের আর্জি জানিয়েছেন গ্রামবাসীরা। তাঁদের দাবি, গোটা গ্রামেই পানীয় জলের সমস্যা রয়েছে। নলকূপের জলে প্রচণ্ড আয়রন থাকায় সেই জল পানের অযোগ্য। এমনকি সেই জলে স্নান করা বা কাপড় কাচাও যায় না। তাই গোটা গ্রামের মানুষ এইভাবে পাত্রে বালি-পাথর দিয়ে জল ফিল্টার করে খান। এতে জল পুরোপুরি আয়রনমুক্ত না হলেও কিছুটা হয়। কেদারহাট গ্রাম পঞ্চায়েত প্রধান সাবিত্রী বর্মন বলেন, 'কিছু এলাকায় পানীয় জলের সমস্যা রয়েছে। তবে জলাধার তৈরির কাজ শেষ হয়ে গেলে দ্রুত গ্রামে পানীয় জলের সমস্যা মিটে যাবে।'



এভাবেই বালি-পাথরে জল আয়রনমুক্ত করে খাচ্ছেন গ্রামবাসীরা।

এক গ্রামবাসী গোলাপি অধিকারীর কথায়, 'নলকূপের জলে এত আয়রন যে দুর্গন্ধে সেই জল মুখে তোলা যায় না। এমনকি এই জলে জামাকাপড় ধুলেও লালচে দাগ পড়ে যায়। অন্যদিকে, এই জল খেয়ে ছোট থেকে বড় সকলেই পেটের অসুখে ভুগছেন। তাই এভাবেই জল খাওয়া হয়।' দীর্ঘদিন যাবৎ এই পদ্ধতিতেই তাঁরা নলকূপের জল আয়রনমুক্ত করে খাচ্ছেন বলেও জানিয়েছেন। রোমা অধিকারী নামে আরেকজন বলেন, 'আমাদের সমস্যাটা কবে মিটবে জানি না। মাস পাঁচেক আগে বাড়িতে ট্যাপকলের লাইনে সংযোগ দেওয়া হয়েছে। কিন্তু এখনও কল থেকে জল পড়ে না।' গ্রামের অন্যদের মতো তাঁরাও নলকূপের জল বালিতে ফিল্টার করে খান। গ্রামের প্রায় ১০০টি পরিবার একই সমস্যায় ভুগছে। বাড়ি বাড়ি কলের লাইন পৌঁছে গেলেও জলের দেখা না মেলায় গ্রামের অনেকেই ক্ষোভ প্রকাশ করেছেন। পানীয় জলের সমস্যা কবে মিটবে সেই প্রশ্নও তুলেছেন তাঁরা। এবিষয়ে মাথাভাঙ্গা-১ পঞ্চায়েত সমিতির সহ সভাপতি মহেন্দ্রনাথ বর্মন জানান, এখনও কিছু জলাধার তৈরির কাজ চলছে। ২০২৬ সালের মধ্যেই গ্রামের সাধারণ মানুষ বাড়ি বাড়ি পানীয় জল পাবেন বলে আশা করা যায়।

# অযত্নে রসিকবিলের শিশু উদ্যান, সংস্কারের দাবি

**সায়নদীপ ভট্টাচার্য**

**বক্সিরহাট, ৬ মার্চ :** জঙ্গলে ঢেকে গিয়েছে রসিকবিল শিশু উদ্যান। সেখানকার শিশুদের খেলার সরঞ্জামগুলি নষ্ট হওয়ার জোগাড়। দোলনা, স্লিপার, ঢেঁকি সহ বেশকিছু মনোরঞ্জন সামগ্রীর হাল বেহাল। স্বভাবতই হতাশ এলাকার বাসিন্দা থেকে পর্যটকরা। এক সময় জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির টানাপোড়েনে শিশু উদ্যানটি সৌন্দর্য হারিয়েছে বলে অভিযোগ। এলাকাবাসী দ্রুত উদ্যানটি সংস্কারের দাবি তুলেছেন।

কোচবিহার বন বিভাগের রেঞ্জার রানা রহমানের কথায়, 'উদ্যানটি পঞ্চায়েত সমিতির তত্ত্বাবধানে রয়েছে। এজন্য সংস্কারের বিষয়ে বন দপ্তরের কিছু করার নেই। তবে উদ্যানটির সংস্কার করলে রসিকবিলের আকর্ষণ যে আরও বাড়বে তা বলাই বাহুল্য।'

বাম আমলে তুফানগঞ্জ-২ ব্লকে রসিকবিল প্রকৃতি পর্যটনকেন্দ্র লাগোয়া শিশু উদ্যানটি তৈরি হয়েছিল। সেসময় তুফানগঞ্জ-২ পঞ্চায়েত সমিতি এর দেখভাল করত। এজন্য কর্মীও ছিলেন। বাম বোর্ড ক্ষমতা হারানোর পর এটি জেলা পরিষদের কাছে হস্তান্তর করা হয়। কিন্তু তৃণমূল পরিচালিত পঞ্চায়েত সমিতি তা মানেনি। এনিয়ে জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির টানাপোড়েনে কর্মীদের বেতন বন্ধ হয়ে যায়। এতেই সমস্যা বাড়ে। উদ্যনটি সংস্কারে এখন প্রচুর টাকা দরকার। তাই, অযত্নে উদ্যানটি বেহাল হয়ে পড়েছে। আগে এখানে শিশু মনোরঞ্জনে নানা সামগ্রী রাখা হয়েছিল। ছিল তাদের খেলার সরঞ্জাম, বসার বেঞ্চ ও একটি ছোট বিশ্রাম ঘর। উদ্যানে প্রচুর ফুলের গাছ ছিল। খরচ চালাতে সামান্য টাকায় টিকিট চালু ছিল। এককথায় রসিকবিলে আসা শিশুদের কাছে উদ্যানটি ছিল বাড়তি আকর্ষণ। একে একে ভেঙেছে খেলার সামগ্রী, বসার বেঞ্চ। বর্তমানে উদ্যানটি গবাদিপশুর অবাধ বিচরণক্ষেত্রে পরিণত হয়েছে। রাতে মদ, জুয়ার আসর বসে বলে অভিযোগ।

এ ব্যাপারে বিজেপির তুফানগঞ্জ বিধানসভার আহ্বায়ক বিমল পাল বলেন, 'রসিকবিলের শিশু উদ্যানে সরকারি সম্পত্তি নষ্ট হলেও প্রশাসনের হুঁশ নেই। আমরাও চাই, পর্যটনের স্বার্থে অবিলম্বে শিশু উদ্যানের হাল বদলাক।' ডিওয়াইএফআইয়ের জেলা সহ সভাপতি ইউসুফ আলির কথায়, 'বামফ্রন্ট আমলে রসিকবিলের সৌন্দর্যায়নে গুরুত্ব দিয়ে শিশু উদ্যান গড়ে তোলা হয়েছিল। তবে তৃণমূলের স্বেচ্ছাচারিতায় এখন এটি বেহাল দশাপ্রাপ্ত হয়েছে।' সংস্কারের আশ্বাস দিয়েছেন তুফানগঞ্জ-২ পঞ্চায়েত সমিতির সভাপতি শীতলচন্দ্র দাস। তিনি বলেন, 'উদ্যান সংস্কারে রাজ্য অর্থ দপ্তরে আবেদন জানানো হয়েছে। টাকা বরাদ্দ হলেই সংস্কার করা হবে।'

এ সম্পর্কে রাজেশ সরকার নামে এক পর্যটক বলেন, 'একসময় উদ্যানটি সবাইকে আকর্ষণ করত। এখন ছোটরা বায়না করলেও সেখানে যাওয়ার কোনও জো নেই।' স্থানীয় বাসিন্দা রুবেল বর্মন জানান, এখন ওই জায়গাটি দুষ্কৃতীদের আখড়া হয়ে উঠেছে। উদ্যানটির দ্রুত সংস্কার হলে রসিকবিলে পর্যটকদের ভিড় আরও বাড়বে।



রসিকবিলে শিশু উদ্যানে অবহেলায় পড়ে ছেটদের খেলার সরঞ্জাম। -সংবাদচিত্র




## চেখে দেখে কেনা



কোচবিহারে রাস্তার ফলওয়ালার কাছ থেকে নারকেলকুল কিনছেন ক্রেতা। ছবি : অপর্ণা গুহ রায়

# প্রোজেক্টর-জার্সির চাহিদা বেড়েছে

## কোচবিহারে ট্রফি ট্যুরের পর আইপিএল জ্বর

**দেবদর্শন চন্দ**

**কোচবিহার, ৬ মার্চ :** চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে ভারতের খেলা নিশ্চিত হতেই সাজোসাজো রব উঠেছে কোচবিহারজুড়ে। রাজার শহর এখন ক্রিকেট জ্বরে কাবু। বুধবার আইপিএলের ট্রফি ট্যুরের পর ফাইনাল খেলার দু'দিন বাকি থাকলেও এখনই আগাম প্রস্তুতি শুরু হয়ে গিয়েছে শহরে। খেলার লাইভ স্ক্রিনিংয়ের জন্য কোথাও প্রোজেক্টর আনা হয়েছে। আবার কোথাও ক্রিকেটপ্রেমীদের একটা বড় অংশ দেশের জার্সি এবং পতাকা কিনতে খেলার দোকানে ভিড় জমাচ্ছেন।

কেউ কেউ আবার মদনমোহনবাড়িতে পুজো দেবার বা খেলার দিন যজ্ঞে বসবার আগাম প্ল্যানিংও সারছেন। দেশের জয় প্রার্থনা করে কোচবিহারবাসীর প্রাণের ঠাকুর মদনমোহন মন্দিরে দেশের ১৫ জন খেলোয়াড়ের নামে পুজো দেবেন ক্রিকেটপ্রেমী শংকর রায়। তিনি বলেন, 'শনিবার দুপুরে মদনমোহনবাড়িতে গিয়ে পুজো দেব বলে ভেবেছি। রবিবার পাড়ার মোড়ে এলইডি টিভিতে খেলা দেখবার ব্যবস্থার পাশাপাশি এলাকাবাসীরা মিলে যজ্ঞের আয়োজন করছি।'

ফাইনালে ভারত নিশ্চিত হতেই প্রোজেক্টরের চাহিদাও এখন তুঙ্গে। এতদিন প্রোজেক্টর দেড়-দু'হাজার টাকায় ভাড়া পাওয়া যেত। এখন প্রোজেক্টর ভাড়া নিতে গেলে কোথাও তিন হাজার, কোথাও তারও বেশি চাওয়া হচ্ছে। প্রোজেক্টরের সংকটের কারণে চিন্তায় রয়েছেন অনেকেই। প্রোজেক্টর এবং এলইডি টিভি ভাড়া দেন বিভাস দাম। তিনি জানান, 'ফাইনালের জন্য এখন পর্যন্ত চারটি প্রোজেক্টর, ৫টা টিভি এবং একটি এলইডি ডিসপ্লে ভাড়া হয়ে গিয়েছে। নতুন করে যাঁরা আসছেন, তাঁদের আর দেওয়া যাচ্ছে না।' প্রোজেক্টর ভাড়া দেন অমিত সিনহাও। তাঁর মন্তব্য, 'আমার কাছে তিনটি প্রোজেক্টর রয়েছে। ইতিমধ্যেই কয়েকজন আমার সঙ্গে যোগাযোগ করেছেন।'

প্রোজেক্টরের চাহিদার পাশাপাশি চাহিদা রয়েছে জার্সি, টুপি এবং দেশের পতাকারও। খেলার দোকানগুলিতে জার্সি কিনতে ভিড় বাড়ছে ক্রিকেটপ্রেমীদের। খেলার সরঞ্জাম বিক্রেতা রাহুল দুবে বলেন, 'কোহলি এবং রোহিতের জার্সির চাহিদা তুঙ্গে। দোকানে যে ক'টা জার্সি ছিল সবই প্রায় শেষ। শুক্রবারের মধ্যে নতুন জার্সি আবার আসবে।'



জার্সি কিনতে দোকানে ক্রিকেটপ্রেমীরা। ছবি : জয়দেব দাস

**বড় পর্দায়**

- শহরে খেলার লাইভ স্ক্রিনিংয়ের জন্য কোথাও প্রোজেক্টর আনা হয়েছে
- কোচবিহারে এতদিন প্রোজেক্টর দেড়-দু'হাজার টাকায় ভাড়া পাওয়া যেত
- এখন প্রোজেক্টর ভাড়া কোথাও তিন হাজার, কোথাও তারও বেশি চাওয়া হচ্ছে

শহরের নিউটাউন ইউনিট রবিবার ক্লাবঘরের সামনে এলইডি টিভি লাগাবার পরিকল্পনা করেছে। শনিবার দুপুরে ক্লাব সংলগ্ন এলাকায় ১০০ মিটার লম্বা দেশের পতাকা লাগানো হবে বলে ক্লাবের সম্পাদক অভিষেক সিংহ রায় জানিয়েছেন। শহরের বীণাপাণি ক্লাব ও ব্যায়ামাগার ক্লাবঘরের টিভিতে খেলা দেখার পরিকল্পনা নিয়েছে। ক্লাবের সামনের রাস্তা দেশের পতাকা দিয়ে সাজিয়ে তোলা হবে বলে তারা জানিয়েছে।

## যুব সংসদ প্রতিযোগিতা

**কোচবিহার, ৬ মার্চ :** কোচবিহারে বিকশিত ভারত ইউথ পার্লামেন্ট অনুষ্ঠিত হচ্ছে। কোচবিহার এবং আলিপুরদুয়ারের ১৮ থেকে ২৫ বছর বয়সি তরুণ-তরুণীরা সেখানে অংশ নিতে পারবেন। বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলন করে এ কথা জানান, পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ডঃ আবদুল কাদের সাফেলি।

তিনি জানান, অংশগ্রহণকারীদের প্রথমে অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে। এরপর 'বিকশিত ভারত' সম্পর্কিত ১ মিনিটের একটি ভিডিও তাদের অনলাইনে আপলোড করতে হবে। যারা সেই তথ্য আপলোড করবে তাদের মধ্যে থেকে ১৫০ জনকে বেছে নেবে কর্তৃপক্ষ। এরপর আগামী ১৮ ও ১৯ তারিখে তাদের বিশ্ববিদ্যালয়ে উপস্থিত থেকে বিচারকদের সামনে বক্তৃতা পেশ করতে হবে। সেদিন অংশগ্রহণকারীদের মধ্যে থেকে ১০ জনকে বেছে নেবেন বিচারকরা। সেই ১০ জন পশ্চিমবঙ্গ বিধানসভায় গিয়ে অংশগ্রহণ করতে পারবে। এরপর সেখানে যারা নির্বাচিত হবে তারা দিল্লিতে গিয়ে লোকসভায় অংশগ্রহণ করতে পারবে। আগামী ৯ মার্চ পর্যন্ত পড়ুয়ারা রেজিস্ট্রেশনের সুযোগ পাবে। পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়, কেন্দ্রীয় যুব ও ক্রীড়া মন্ত্রক এবং জাতীয় সেবা প্রকল্পের আঞ্চলিক দপ্তরের উদ্যোগে এই কর্মসূচি হচ্ছে।

**জরুরি তথ্য**

**ব্লাড ব্যাংক**

(বৃহস্পতিবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

**এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ১ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ১ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ১ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ১ |
| ও নেগেটিভ | ০ |

**মাথাভাঙ্গা মহকুমা হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ০ |
| এ নেগেটিভ | ১ |
| বি পজিটিভ | ০ |
| বি নেগেটিভ | ১ |
| এবি পজিটিভ | ১ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ১ |
| ও নেগেটিভ | ০ |

**দিনহাটা মহকুমা হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ২৫ |
| এ নেগেটিভ | ২ |
| বি পজিটিভ | ২ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ১২ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ৬ |
| ও নেগেটিভ | ২ |

## ফুটপাথ নিয়ে ফের কোমর কষছে জেলা প্রশাসন

# তোড়জোড় ঘিরে প্রশ্ন

**তন্দ্রা চক্রবর্তী দাস**

**কোচবিহার, ৬ মার্চ :** কোচবিহারে ফের ফুটপাথ দখলমুক্ত করার অভিযানের তোড়জোড় শুরু হয়েছে। অবশ্য পুরসভা, পুলিশ ও প্রশাসনের এই সব লোকদেখানো কর্মসূচিতে এখন আর শহরের মানুষ উৎসাহ পান না। গত বছর জুন মাসেও রীতিমতো কোমর বেঁধে ফুটপাথ দখলমুক্ত করতে উচ্ছেদ অভিযানে নেমেছিল পুলিশ ও প্রশাসন। দু'তিনদিন পর যথারীতি অজানা কারণে সেই অভিযান বন্ধ হয়ে যায়। মাসখানেকের মধ্যে আবার সেই ফুটপাথ দখল হয়ে যায়। শোনা যাচ্ছে কিছুদিনের মধ্যেই ব্রাহ্ম মন্দির এবং রাসমেলার মাঠের সামনের ফুটপাথ দখলমুক্ত করতে উদ্যোগী হচ্ছে জেলা প্রশাসন। স্বভাবতই প্রশ্ন উঠছে এবারের দখলমুক্ত অভিযানও কি প্রতিবারের মতো মুখ থুবড়ে পড়বে, নাকি প্রশাসনের সদিচ্ছায় এবার স্বস্তির নিঃশ্বাস নেবে কোচবিহারের পথঘাট।

ফুটপাথের দখলদারি নিয়ে প্রাক্তন ব্যাংককর্মী চিন্ময় গোস্বামী ক্ষোভের সঙ্গে বলেন, 'এই সময়ে ভোটের খেলায় দখলদারি বন্ধ করা খুব কঠিন। উচ্ছেদের পরে আবার যদি তারা ফুটপাথ দখল করে সেক্ষেত্রে প্রশাসনের পক্ষ থেকে কড়া নজরদারির সঙ্গে জরিমানার ব্যবস্থা করতে হবে। না হলে ফুটপাথ দখল বন্ধ করা কোনওমতেই সম্ভব হবে না। আর সবচেয়ে বড় কথা, শহরের গুরুত্বপূর্ণ সুনীতি রোড যেভাবে দখল হয়ে আছে তা আমাদের হেরিটেজ শহরের পক্ষে লজ্জার।'

কোথাও ফুটপাথের ওপর তৈরি হয়েছে একের পর এক হোটেল, তো কোথাও ফুটপাথের ওপর দোকানের সামগ্রী রেখে চলছে ব্যবসা। আবার কোথাও দোকানের বিজ্ঞাপনী প্রচারের জন্য সাইনবোর্ড দিয়ে দখল করে রাখা হয়েছে ফুটপাথ। হাঁটার মতো কোনও জায়গা না থাকায় বাধ্য হয়ে প্রাণ হাতে করে রাস্তায় নামতে হচ্ছে মানুষকে। শহরের গুরুত্বপূর্ণ রাস্তা সুনীতি রোডের দীর্ঘদিনের এই সমস্যা নিয়ে সংবাদপত্রে বিভিন্ন সময়ে লেখালেখি হলেও প্রশাসনের শীতঘুম যেন ভাঙতে চায় না। বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায় এইসব বিষয়ে তারা নীরব দর্শকের ভূমিকা পালন করতেই পছন্দ করে। যদিও রাসমেলার মাঠের সামনে ছাড়াও ব্রাহ্ম মন্দিরের সামনের ফুটপাথ দখলমুক্ত করার কথা আলোচনা হয়েছে বলে মহকুমা শাসক কুণাল বন্দ্যোপাধ্যায় জানালেন। জেলা শাসক অরবিন্দকুমার মিনা বলেন, 'ফুটপাথ দখলমুক্ত করা নিয়ে পিডব্লিউডি, পুলিশ এবং পুরসভার চেয়ারম্যানের সঙ্গে কথা হয়েছে। এ ব্যাপারে আমরা খুব শিগগিরই পদক্ষেপ করব।'

স্বাভাবিকভাবে প্রশ্ন ওঠে শুধু ব্রাহ্ম মন্দিরের সামনের ফুটপাথ কেন, গোটা সুনীতি রোড দখলমুক্ত করতে অসুবিধে কোথায়। 'আসলে ফুটপাথ এবং ড্রেনের ওপর দখলদারিকে কিছু সংখ্যক মানুষ নিজের অধিকার ভেবে নিয়েছেন। ফুটপাথ না থাকায় মানুষকে রাস্তা দিয়ে হাঁটতে হচ্ছে। সেই সঙ্গে আছে বেপরোয়া বাইক ও টোটোর দাপট। এদের ভয়ে বাচ্চাদেরও আজকাল বড় রাস্তায় সাইকেল চালাতে দেখা যায় না। মানুষের প্রাণের চাইতে ভোটের দাম অনেক বেশি। সেই কারণে ফুটপাথ দখলমুক্ত করতে চাইলে নানাভাবে প্রশাসনের উপর চাপ আসবে। সে ক্ষেত্রে যদি উচ্ছেদ অভিযান থেমে যায় তখন ব্যাপারটা পরিষ্কার হয়ে যাবে যে উচ্ছেদ নিয়ে সত্যি কি প্রশাসনের সদিচ্ছা রয়েছে নাকি এটাও এক ধরনের আইওয়াশ ছিল', বললেন শিশুরোগ বিশেষজ্ঞ ডাক্তার বিনায়ক রায়।

জেলা ব্যবসায়ী সমিতির সম্পাদক সুরজ ঘোষ পরিষ্কার জানালেন, ফুটপাথে কোনওরকম জবরদখল আমাদের জেলা ব্যবসায়ী সমিতি বরদাস্ত করে না। এইসব ব্যবসায়ীর বিরুদ্ধে প্রশাসন যদি ব্যবস্থা নেয় সমিতি সব সময় তাদের সঙ্গে থাকবে।'







সুনীতি রোডের বিভিন্ন প্রান্তে ফুটপাথ দখলের ছবি। অপর্ণা গুহ রায়ের ক্যামেরায়।

**কোথায় সমস্যা**

- কোচবিহারে ফুটপাথে তৈরি হয়েছে একের পর এক হোটেল, ফুটপাথে সামগ্রী রেখে চলছে ব্যবসা
- ফুটপাথে হাঁটার মতো কোনও জায়গা না থাকায় বাধ্য হয়ে প্রাণ হাতে করে রাস্তায় নামতে হচ্ছে মানুষকে
- এই সমস্যা নিয়ে সংবাদপত্রে বিভিন্ন সময়ে লেখালেখি হলেও প্রশাসনের শীতঘুম যেন ভাঙতে চায় না

## স্মরণসভা

**তুফানগঞ্জ, ৬ মার্চ :** বৃহস্পতিবার তুফানগঞ্জ পুরসভার কর্মী ওমর আলির স্মরণসভা হল। এদিন পুরসভার তরফে ফুল দিয়ে শ্রদ্ধা জানালেন চেয়ারপার্সন কৃষ্ণা ঈশোর, ভাইস চেয়ারম্যান তনু সেন সহ পুরসভার সকল কর্মচারী। চেয়ারপার্সন বলেন, '২০১৮ সাল থেকে ওমর নিষ্ঠা সহ কাজ করেছেন। তাঁর প্রয়াণে আমরা গভীরভাবে শোকাহত।'

**আজ শহরে**

- বেলা দশটা থেকে কোচবিহারের নাট্য সংঘের উদ্যোগে ক্লাব কক্ষে শিলিগুড়ি গ্রেটার লায়ন্স আই হাসপাতালের সহযোগিতায় বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির।

**পাড়ায় পাড়ায়**

**মেখলিগঞ্জ**

## স্পিডব্রেকারে দুর্ঘটনার শঙ্কা

**মেখলিগঞ্জ, ৬ মার্চ :** স্পিডব্রেকার থেকে দুর্ঘটনার আশঙ্কা বাড়ছে। মেখলিগঞ্জ পুরসভার ৫ নম্বর ওয়ার্ডে নেতাজি পিটিটিআই সংলগ্ন রাস্তায়। ওই রাস্তায় দ্রুতগতিতে চলা যানবাহনের গতি নিয়ন্ত্রণে ও দুর্ঘটনা রুখতে তিনটি স্পিডব্রেকার বসানো হয়েছিল। যা বর্তমানে দুর্ঘটনার অন্যতম কারণ হয়ে দাঁড়িয়েছে। ইতিমধ্যে ওই তিনটি স্পিডব্রেকারের কারণে একাধিক ছোটখাটো দুর্ঘটনা এলাকায় ঘটেছে। তাই জনসাধারণের দাবি, স্পিডব্রেকারগুলি হয় তুলে দেওয়া হোক, নয়তো স্পিডব্রেকারের সামনে সতর্কতার বোর্ড লাগানো হোক। তা না হলে যে কোনও দিন বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। মেখলিগঞ্জের বাসিন্দা মৈনাক সরকার বলেন, 'আমরা জানি স্পিডব্রেকার থাকলে তার আশপাশে সতর্কতামূলক বোর্ড লাগানো হয়। এর ফলে যানবাহন চালকরা সতর্ক হয়ে ধীরগতিতে গাড়ি চালান। কিন্তু এখানে তেমন কোনও সতর্কতা বোর্ড লাগানো নেই। অন্যমনস্ক হয়ে এই রাস্তায় গাড়ি চালালে দুর্ঘটনার প্রবল আশঙ্কা রয়েছে। তাই অবিলম্বে সেখানে সতর্কতামূলক বোর্ড লাগানো উচিত।' তবে মেখলিগঞ্জ পুরসভার চেয়ারম্যান প্রভাত পাটনি বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন।





**মাথাভাঙ্গা**

## বাঁধে ইঁদুরের গর্ত

**মাথাভাঙ্গা, ৬ মার্চ :** সম্প্রতি মাথাভাঙ্গা শহরের ৯ নম্বর ওয়ার্ডের সুটুঙ্গা নদীর বাঁধে প্রচুর ইঁদুরের গর্ত এলাকাবাসীর নজরে এসেছে। ইঁদুরের গর্ত তৈরি হওয়ায় বাঁধের সুরক্ষা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। স্থানীয় বাসিন্দা সমীরণ দে বলেন, 'ইঁদুরের গর্ত ক্রমশ বাঁধকে দুর্বল করে দিচ্ছে। বিষয়টি নিয়ে সেচ দপ্তরের দ্রুত ব্যবস্থা গ্রহণ করা উচিত। বাঁধটিতে ইঁদুরের গর্ত নিয়ে এখন ব্যবস্থা না নিলে বর্ষাকালে সেই গর্তে নদীর জল ঢুকে বাঁধের ক্ষতি করতে পারে। ফলে ভাঙনে ওই এলাকা বিপন্ন হতে পারে।'

মাথাভাঙ্গায় মানসাই এবং সুটুঙ্গা নদীর বাঁধ জবরদখল করে বাড়িঘর তৈরির পাশাপাশি বাঁধের গায়ে ঘুঁটে এবং অন্য জিনিস রাখার ফলে বাঁধের ক্ষতি হচ্ছে বলে বিভিন্ন সময় পরিবেশপ্রেমীরা অভিযোগ জানিয়েছেন। মাথাভাঙ্গা নদী বাঁচাও কমিটির সভাপতি অরুণ সাহার কথায়, 'বাঁধ দখল এবং বাঁধের গা থেকে ঘুঁটে ও অন্য আবর্জনা অপসারণ না করলে সেখানে ইঁদুরের গর্ত তৈরি হওয়া আটকানো যাবে না।'

এলাকার কাউন্সিলার কবিতা রায় অবশ্য জানান, এ ব্যাপারে আমার জানা নেই। খোঁজ নিয়ে সেচ দপ্তরের নজরে আনা হবে। সেচ দপ্তরের মাথাভাঙ্গার অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার শ্রীবাস ঘোষের বক্তব্য, 'বিষয়টি সম্পর্কে খোঁজ নিয়ে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।'

তথ্য : শুভজিৎ বিশ্বাস ও বিশ্বজিৎ সাহা

# শিবরাত্রিমেলায় অবাধে পলিব্যাগ

**বিশ্বজিৎ সাহা**

**মাথাভাঙ্গা, ৬ মার্চ :** ২০২২ সালের ১ জুলাই থেকে ৭৫ মাইক্রনের কম পুরু প্লাস্টিকের ব্যবহার নিষিদ্ধ করেছিল কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ। এরপর ২০২২ সালের ৩১ ডিসেম্বর থেকে ১২০ মাইক্রনের কম পুরু প্লাস্টিকের ক্যারিব্যাগ বিক্রি এবং ব্যবহারের উপর নিষেধাজ্ঞা জারি করে কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ। পর্ষদের তরফে এই বিধি মানতে প্রতিটি রাজ্যকে সতর্ক করা হয়েছিল। পাশাপাশি ২০২২ সালের ২২ এপ্রিল ওয়েস্ট বেঙ্গল পলিউশন কন্ট্রোল বোর্ড এক নির্দেশিকা জারি করে সিঙ্গল ইউজ প্লাস্টিকের সামগ্রী তৈরি, বিতরণ এবং বিক্রির উপর নিষেধাজ্ঞা জারি করে বিভিন্ন সংবাদপত্রে তা প্রকাশও করে।

অথচ সরকারি নির্দেশিকা থাকা সত্ত্বেও নিষিদ্ধ সিঙ্গল ইউজ প্লাস্টিকের ব্যবহার ক্রমশ বাড়ছে বলেই অভিযোগ। বছর কয়েক আগে মাথাভাঙ্গা পুরসভা এবং প্রশাসনের যৌথ উদ্যোগে ধারাবাহিক অভিযানের ফলে শহরটি নিষিদ্ধ প্লাস্টিক ক্যারিব্যাগমুক্ত শহরে পরিণত হয়েছিল। কিন্তু অভিযোগ বর্তমানে নজরদারির অভাবে ধীরে ধীরে ফের নিষিদ্ধ ক্যারিব্যাগের ব্যবহার শুরু হয়েছে মাথাভাঙ্গা শহরে। সম্প্রতি শুরু হওয়া পুরসভা পরিচালিত ঐতিহ্যবাহী মাথাভাঙ্গা শিবরাত্রিমেলায় নিষিদ্ধ প্লাস্টিক ক্যারিব্যাগের ব্যবহার কয়েকগুণ বাড়িয়ে দিয়েছে বলে অভিযোগ। যদিও শিবচতুর্দশীর আগের দিন শিবরাত্রিমেলা উদ্বোধন অনুষ্ঠানে মাথাভাঙ্গা পুরসভার চেয়ারম্যান লক্ষপতি প্রামাণিক ঘোষণা করেছিলেন, এবছরের মেলা নিষিদ্ধ প্লাস্টিক ক্যারিব্যাগমুক্ত মেলায় পরিণত হবে। সেখানে ১২০ মাইক্রনের কম পুরু প্লাস্টিকের ক্যারিব্যাগ কোনও অবস্থাতেই ব্যবহার করা যাবে না। সেব্যাপারে মেলায় আগত ব্যবসায়ীদের সতর্ক করার পাশাপাশি মাইকেও প্রচার করা হবে বলে চেয়ারম্যান জানিয়েছিলেন।



মাথাভাঙ্গা শিবরাত্রিমেলায় দেদার ব্যবহার নিষিদ্ধ ক্যারিব্যাগের।

তবে বাস্তব চিত্র সম্পূর্ণ উলটো বলে অভিযোগ পরিবেশপ্রেমীদের। মাথাভাঙ্গা শিবরাত্রিমেলায় অধিকাংশ দোকানেই জিনিসপত্র বিক্রির সময় নিষিদ্ধ প্লাস্টিক ক্যারিব্যাগে ভরে তা ক্রেতাদের দেওয়া হচ্ছে। আর ক্রেতারাও বিনা প্রশ্নেই সেগুলো নিয়ে বাড়িমুখো হচ্ছেন। পরিবেশপ্রেমী সংগঠন গ্লোবাল এনভায়রনমেন্ট কনজারভেটিভ অর্গানাইজেশনের (জিকো) কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক তাপস বর্মনের ক্ষোভ, 'সরকারি নির্দেশিকায় স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে যে, পুরসভার পাশাপাশি গ্রাম পঞ্চায়েত এলাকায় ত্রিস্তরীয় পঞ্চায়েত বোর্ড পুলিশ এবং প্রশাসন নিজের নিজের ক্ষেত্রে নিষিদ্ধ প্লাস্টিকের ক্যারিব্যাগ বিক্রি ও ব্যবহারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে। মাথাভাঙ্গা শিবরাত্রিমেলায় সিঙ্গল ইউজ প্লাস্টিকের ক্যারিব্যাগ ব্যবহারের বিরুদ্ধে সংগঠনের পক্ষ থেকে খুব শীঘ্রই পুরসভা এবং প্রশাসনের কাছে স্মারকলিপি দেওয়া হবে।' বিষয়টি নিয়ে মাথাভাঙ্গা পুরসভার চেয়ারম্যান লক্ষপতি প্রামাণিককে প্রশ্ন করা হলে তিনি জানান, শিবরাত্রিমেলা শুরু হলেও এখনও মেলার অফিস চালু হয়নি। মেলার অফিস চালু হতেই পূর্ব ঘোষণামতো নিষিদ্ধ প্লাস্টিকের ক্যারিব্যাগের ব্যবহার সম্পূর্ণভাবে বন্ধ করা হবে শিবরাত্রিমেলায়।

